



নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ বাংলাদেশ শিল্পকলা এশাডেমি

‘উন্নয়ন অগ্রগতিতে বাংলাদেশ’
৫মিনিটের চলচিত্র প্রতিযোগিতা ও উৎসব ২০২৩।

বাংলাদেশকে স্বাক্ষরণুত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের সুপারিশ জাতিসংঘে অনুমোদন পেয়েছে। এর মধ্য দিয়ে বাংলাদেশের এলডিসি ক্যাটাগরি (স্বাক্ষরণুত দেশ) থেকে পরবর্তী ধাপে উত্তরণের সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। বাংলাদেশ ২০২৬ সালের ২৪ নভেম্বর উন্নয়নশীল দেশ হিসেবে গণ্য হওয়ার প্রক্রিয়ায় রয়েছে। এলডিসি পরবর্তী পরিস্থিতির স্থাব্য চ্যালেঞ্জ কাটিয়ে উঠতে কৌশল ও পরিকল্পনা প্রণয়নের কাজ শুরু করেছে বাংলাদেশ। উন্নয়নের মহাকবি ‘মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’ বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত সমৃদ্ধ দেশে রূপান্তরিত করার স্বপ্ন দেখেছেন।

ইতোমধ্যে দেশে সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনীতির আমূল পরিবর্তন এসছে। এর ফলে জনগণের জীবনযাত্রার স্তর ও মানোন্নয়ন ঘটেছে। লিঙ্গ বৈষম্য হ্রাস করে লিঙ্গ সমতা, নারীর ক্ষমতায়নের গতি বৃদ্ধি, স্থানীয়, আঞ্চলিক আয় এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি বা সম্প্রসারণ, নাগরিকদের নেতৃত্বকার উন্নয়ন ও বুদ্ধিবৃত্তিক বিকাশ, সুস্থান্ত্রণ ও শিক্ষার উন্নতি, শিল্প, উভাবন এবং অবকাঠামোগত উন্নয়ন, প্রযুক্তিগত অগ্রগতি, জলবায়ু পরিবর্তন এবং জীবচৌচিত্রের মতো পরিবেশগত উন্নয়ন, শান্তি, ন্যায়বিচার এবং শক্তিশালী প্রতিষ্ঠান, কৃষিতে কৃতিত্ব এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়নসহ অবকাঠামোগত উন্নয়নে বাংলাদেশ এখন রোল মডেল। এই পরিপ্রেক্ষিতে বাংলাদেশ শিল্পকলা একাডেমি আয়োজন করছে-

‘উন্নয়ন অগ্রগতিতে বাংলাদেশ’ ৫ম নিটের চলচ্চিত্র প্রতিযোগিতা ও উৎসব ২০২৩।

নিয়ম এবং শর্তাবলী:

১. বাংলাদেশ শিল্পকলা একাডেমি'র আয়োজনে দেশব্যাপী 'উন্নয়ন অগ্রগতিতে বাংলাদেশ' ৫মিনিটের চলচ্চিত্র প্রতিযোগিতা ও উৎসব ২০২৩ আয়োজন করা হচ্ছে।
 ২. বাংলাদেশের যেকোনো নাগরিক জানুয়ারি ২০২২ সাল থেকে পরবর্তী সময়ে মোবাইল বা যে কোনো মাধ্যমে সর্বোচ্চ ৫মিনিটব্যাপী নির্মিত স্বল্পদৈর্ঘ্য কাহিনি, প্রামাণ্য ও অ্যানিমেটেড চলচ্চিত্র জমা দিতে পারবে।
 ৩. মৌলিক গল্পের ভিত্তিতে বাংলা ভাষায় নির্মিত চলচ্চিত্রটি অবশ্যই অপ্রদর্শিত হতে হবে। MP4 ফরমেটে ফুল এইচডি (1920×1080) রেজুলেশনে এবং ব্যবহৃত আবহ সংগীত কপিরাইট মুক্ত হতে হবে।
 ৪. অনলাইন আবেদনপত্রের লিংকে সকল তথ্য সঠিকভাবে পূরণ করে এবং নির্মিত চলচ্চিত্রের কপি গুগলডআইভে আপলোড করে এক্সেসসহ জমা প্রদান করা যাবে নিম্নোক্ত লিংকে। এছাড়া একজন নির্মাতা একাধিক চলচ্চিত্র জমা দিতে পারবেন।

<https://forms.gle/9kPxtEGKU3NrNjQP9>

৫. আবেদনকারীকে আবেদনের সাথে বাংলায় (বিজয় ফন্টে) চলচ্চিত্রের কাহিনি সংক্ষেপ (১৫০ শব্দ), নির্মাতার ছবিসহ সংক্ষিপ্ত জীবনী (১৫০ শব্দ), শিল্পী ও কলাকুশলীদের তালিকা, চলচ্চিত্রের পোস্টার (যদি থাকে) এবং স্টীল ফটোগ্রাফী জমা দিতে হবে।
৬. সঠিকভাবে ফরম পূরণ করাসহ আপনার নির্মিত চলচ্চিত্রটি নির্ধারিত সময়ের আগে (১৫ নভেম্বর ২০২৩) জমা দিতে হবে। অসম্পূর্ণ ও চাহিদানুযায়ী তথ্য প্রদানে ব্যর্থ হলে বাছাইয়ে বাতিল বলে গণ্য হবে।
৭. একজন নির্মাতা একাধিক চলচ্চিত্র জমা দিতে পারবেন। চলচ্চিত্র নির্বাক ও সবাক উভয়ই হতে পারে।
৮. জমাকৃত চলচ্চিত্র হতে সিলেকশন কমিটির মাধ্যমে উৎসবে প্রদর্শনীর জন্য চলচ্চিত্র মনোনীত করা হবে এবং পাশাপাশি নির্বাচিত চলচ্চিত্রগুলো জেলা শিল্পকলা একাডেমিতে এক বা একাধিকবার প্রদর্শন করা হবে।
৯. সিলেকশন কমিটির মাধ্যমে নির্বাচিত চলচ্চিত্রগুলো থেকে জুরি কমিটির মাধ্যমে ১০টি চলচ্চিত্র পুরস্কৃত করা হবে এবং উৎসবে অংশগ্রহণকারী সকল নির্মাতাদের সনদপত্র প্রদান করা হবে।

প্রথম পুরস্কার: ঢাকা-সিঙ্গাপুর-ঢাকা বিমান টিকিট (এক জন) ও ৫০ হাজার টাকা।

দ্বিতীয় পুরস্কার: ঢাকা-ব্যাংকক-ঢাকা বিমান টিকিট (এক জন) ও ৩০ হাজার টাকা।

তৃতীয় পুরস্কার: ঢাকা-কাঠমুন্ডু-ঢাকা বিমান টিকিট (এক জন) ও ২০ হাজার টাকা।

এছাড়াও বিশেষ পুরস্কারপ্রাপ্ত বাকি ৭জনের প্রত্যেককে ২০ হাজার টাকা করে প্রদান করা হবে।

আবেদনের লিংক

<https://forms.gle/9kPxtEGKU3NrNjQP9>

ইমেইল: bsafilmfestival@gmail.com

ফেসবুক: Facebook.com/shilpkalapage

যোগাযোগ.....

কক্ষ নং: ৬০৮, ৬১০, ৬১৩ (লিফটের-৫)

জাতীয় নাট্যশালা ভবন

বাংলাদেশ শিল্পকলা একাডেমি

ফোন: ০১৯১৬৪৭২৫০৭, ১০৮৬৫৯৬৫৭৮৮